

১৭ JAN 20-3
খ্রীঃ ১৩৩৩

চবিতে অনার্সে ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা হ্রাস, আজ থেকে ফরম বিক্রি

চবি সর্বোদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে চার বছরমেয়াদি অনার্স কোর্সে ভর্তি ফরম বিক্রি আজ ১ জানুয়ারি বুধবার থেকে শুরু হলে। চলবে ৩০ জানুয়ারি পর্যন্ত। সংশ্লিষ্ট ইউনিট অফিসে এ ফরম জমা নেওয়া হবে ১ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত। খবর বিশ্ববিদ্যালয় সূত্রে।

এদিকে আগামী শিক্ষাবর্ষে ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা অর্ধেক কমিয়ে দেওয়া হয়েছে। কলা, বাণিজ্য, সমাজবিজ্ঞান ও আইন অনুষদের বিভিন্ন বিভাগে এতদিন মুক্তিযোদ্ধা কোটার ৬ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হলেও এবার তা কমিয়ে ৩ জন করা হয়েছে। বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগেও ৫ জনের পরিবর্তে ৩ জন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ৩৪টি বিভাগ ও ২টি ইনস্টিটিউটে এবার ৩ হাজার ছাত্রছাত্রী ভর্তির সুযোগ পাবে। ভর্তি ফরমের মূল্য ধার্য করা হয়েছে ২৫০ টাকা। অগ্রাধিকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, নিউ মার্কেট শাখা, চকবাজারস্থ কুপাসগোলা শাখা ও আশ্রাবাদস্থ পেশা মুজিব রোড শাখায় এই ফরম পাওয়া যাবে।

১৯৯৭ বা ১৯৯৮ সালের এসএসসি বা সমমানের পরীক্ষা এবং ২০০১ বা ২০০২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তির আবেদনপত্র সংগ্রহ করতে পারবে। ভর্তি পরীক্ষার তারিখ জানুয়ারির মাসামাসিক সময়ে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে।